

নথি নং-৫(০৩)কাস/নিলাম সংক্রান্ত/বিবিধ/মতামত/কাঃহাঃপাঃ/২০২৩

তারিখ: ০৭/২০২৪ খ্রিঃ

বিক্রয় আদেশ

জাতীয় রাজস্ব বোর্ডের নিলাম সংক্রান্ত স্থায়ী আদেশ নং-৪১/কাস্টমস/২০২২, ০৪ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ তারিখ মোতাবেক নিলাম কমিটির ১৪/০৭/২০২৪ খ্রিঃ তারিখের সুপারিশ কমিশনার মহোদয় কর্তৃক অনুমোদনের প্রেক্ষিতে টেন্ডার সেল নং-০১/২০২৪, তারিখ: ২৪/০৬/২০২৪ খ্রিঃ এর নিম্নোক্ত লটভুক্ত পণ্য চালানসমূহের বিক্রয় আদেশ জারি করা হলো।

ক্রঃ নং	অনুমোদন/অননুমোদন/অন্যান্য সিদ্ধান্ত	লট ক্রমিক নং	মোট	মন্তব্য
০১।	(ক) আমদানী নীতি আদেশের প্রযোজ্য শর্ত পরিপালন; (খ) মামলা আছে কিনা সে বিষয়ে আইন শাখার মতামত গ্রহণ; (গ) সংশ্লিষ্ট শুদ্ধায়ন শাখার অনাপত্তি সাপেক্ষে অনুমোদন; (Approved) (ঘ) আইপিও শর্ত পরিপালন, খালাসকালে পণ্যের বর্ণনা ও ওজন নিশ্চিত সাপেক্ষে পণ্য ছাড়যোগ্য।	১/২০২৪,২/২০২৪,৩/২০২৪,৪/২০২৪, ৪, ৫/২০২৪,৬/২০২৪, ৫/২০২২	৭টি	
০২।	অননুমোদন (Not Approved)	২০/২০২২	০১টি	

০২। স্থায়ী আদেশ নং-৪১/কাস্টমস/২০২২, ০৪ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ এর অনুচ্ছেদ ০৭(২)(খ)(আ) (১৪) মোতাবেক অনুমোদিত লটসমূহের বিক্রয় অনুমোদন কাস্টম হাউস/কমিশনারেট নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটে প্রকাশিত হওয়ার তারিখ হতে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নিলাম বিজয়ীকে দরমূল্য পরিশোধপূর্বক (প্রযোজ্য হারে অগ্রিম আয়কর ও অগ্রিম মুসকসহ) সংশ্লিষ্ট পণ্য খালাস গ্রহণ করতে হবে। উক্ত সময়ের জন্য নিলাম বিক্রিত পণ্যের ক্ষেত্রে কোন গুদাম ভাড়া আদায়যোগ্য হবে না। তবে কোন যুক্তিসংগত কারণে উক্ত সময়ের মধ্যে পণ্য খালাস গ্রহণ করতে ব্যর্থ হলে নিলাম ক্রেতার আবেদনের (বিলম্বের কারণ উল্লেখসহ) পরিপ্রেক্ষিতে কমিশনার অতিরিক্ত ০৭ (সাত) দিন সময় বৃদ্ধি করতে পারবেন। তবে রাসায়নিক পরীক্ষণ বা অন্য কোন শর্ত পরিপালনের ক্ষেত্রে অতিরিক্ত সময়ের প্রয়োজন হলে নিলাম ক্রেতার আবেদন (যুক্তি উল্লেখসহ) বিবেচনায় কমিশনার যুক্তিসংগত সময় প্রদান করতে পারবেন। উক্ত বর্ধিত সময়ের পরও পণ্য গ্রহণে বিরত থাকলে অননুমোদিত সময়ের জন্য কমিশনার কর্তৃক নির্ধারিত হারে গুদাম ভাড়া আদায়যোগ্য হবে। কমিশনার কর্তৃক বর্ধিত সময়ের মধ্যেও বিডার পণ্য গ্রহণ না করলে ১৫ (পনের) দিন অতিবাহিত হওয়ার পর কমিশনার বিক্রয় অনুমোদন বাতিল করে বিডারের জামানত রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

০৩। সম্পূর্ণ বিক্রয় মূল্য কাস্টম হাউস, পানগাঁও, এর ট্রেজারি শাখাতে জমা করার প্রমাণসরূপ ডেলিভারি অর্ডারের উপর ট্রেজারি শাখার প্রত্যয়ন নিতে হবে। কমিশনার বা কোন কর্তৃপক্ষ কর্তৃক সময় দেয়া বা অন্য কোন কোর্ট কেইস বা আমদানী নীতির শর্ত মোতাবেক কার্যক্রম গ্রহণের প্রয়োজন হলে তাৎক্ষণিকভাবে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করতে হবে।


০৪। দরদাতাকে নিলামকৃত পণ্যের ডিও গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট নিজ নিজ লটের বিপরীতে শর্তাবলী/নিষেধাজ্ঞা/মামলা/বিল অব এন্ট্রির মাধ্যমে ডেলিভারী সংক্রান্ত বিষয়ে নিশ্চিত হতে হবে।

০৫। ডেলিভারী প্রদানের সময় কোন ধরনের তাৎপর্যপূর্ণ অসঙ্গতি পাওয়া গেলে তা যথাযথ কর্তৃপক্ষের নজরে এনে আইনানুগভাবে নিষ্পত্তি করা হবে।

০৬। যে কোন পণ্য বিক্রয় করা, বিক্রয় স্থগিত করা বা আংশিক বিক্রয় করার ক্ষমতা কমিশনার, কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা সংরক্ষণ করেন।

০৭। নিলাম সংক্রান্ত ক্যাটালগে বর্ণিত অন্যান্য শর্তাবলী বলবৎ থাকবে।


০৮। আমদানী নীতি আদেশ ২০২১-২০২৪ এর প্রযোজ্য শর্তাবলী পরিপালন, খালাসকালে পণ্যের বর্ণনা ও ওজন নিশ্চিত সাপেক্ষে পণ্য খালাস যোগ্য।

  
(মোঃ মশিউর রহমান)  
যুগ্ম কমিশনার  
কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা

তারিখ: ০৮/০৭/২০২৪ খ্রিঃ

নথি নং-৫(০৩)কাস/নিলাম সংক্রান্ত/বিবিধ/মতামত/কাঃহাঃপাঃ/২০২৩ / ২৪০২(১-২৩)  
অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় ):

- ০১। যুগ্ম কমিশনার, কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা।
- ০২। উপ কমিশনার (নিলাম), কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা।
- ০৩। টার্মিনাল ম্যানেজার, আইসিটি পানগাঁও, ঢাকা।
- ০৪। রাজস্ব কর্মকর্তা/সহকারী রাজস্ব কর্মকর্তা (নিলাম), কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা।
- ০৫। গুদাম কর্মকর্তা, কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা।
- ০৬। নিরাপত্তা পরিদর্শক, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, কাস্টম হাউস, আইসিটি, পানগাঁও, ঢাকা।
- ০৭। পি এ টু কমিশনার, কাস্টম হাউস, পানগাঁও, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৮। মেসার্স খান ট্রেডিং কোং, (সরকারী নিলামকারী), ৮৬ পূর্ব গোড়ান, ঢাকা।
- ০৯। নিলাম ক্রেতা: মেসার্স -----
- ১০। নোটিশ বোর্ড।
- ১১। অফিস কপি।

  
(মোহাম্মদ সাইজুদুল হক)  
উপ কমিশনার